গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১১৮/২০১৮-১৯

ঢাকা, সোমবার ১৭ ডিসেম্বর ২০১৮, ৩ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মহান বিজয় দিবসে মুক্তিযুদ্ধবিরোধী শক্তিকে বর্জনের অঙ্গীকার, বিনম্র শ্রদ্ধায় মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ
জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পুষ্পার্ঘ্য অর্পণ

২। ৪৮তম বিজয় দিবসে বঙ্গভবনে রাষ্ট্রপতির সংবর্ধনা

৩। মহান বিজয় দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রী ও দলের নেতাকর্মীদের শ্রদ্ধা
টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে আওয়ামী লীগের শ্রদ্ধা নিবেদন

৪। বিজয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধাদের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা উপহার প্রেরণ

৫। বিজয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকেট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী

৬। সব দলের অংশগ্রহণে সুষ্ঠু নির্বাচন হবে : সিইসি

৭। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভারতের নির্বাচন কমিশন পর্যবেক্ষক পাঠাবে

৮। আজ ঐক্যফ্রন্ট, আওয়ামী লীগ ও বিএনপি'র ইশতেহার কাল
সিইসি'র সঙ্গে ঐক্যফ্রন্টের বৈঠক আজ

৯। শহিদ ১২ ভারতীয় সেনা পরিবারকে সম্মাননা দিল বাংলাদেশ

১০। মানুষ ভোট দিয়ে মুক্তিযুদ্ধের পক্ষশক্তিকে ফের বিজয়ী করবে : স্বাস্থ্যমন্ত্রী

১১। ভোট বানচালের চেষ্টা করলে তা প্রতিরোধ করা হবে : সেতুমন্ত্রী

১২। ভোটের আগে ঢাকাসহ ৫ স্থানে জনসভা করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

১৩। মালয়েশিয়া হাইকমিশনের বিজয় দিবস উদ্‌যাপন

১৪। যুদ্ধাপরাধী ও তাদের দোসরদের ভোট দেবেন না :
প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

১৫। স্বাধীনতা ও বাঙালিত্বের চেতনাকে এগিয়ে নিতে বেতারের ভূমিকা অব্যাহত থাকবে : তথ্য সচিব

১৬। বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় পিথাই : সমুদ্রবন্দরসমূহে ২ নম্বর হুঁশিয়ারি সংকেত

চলমান পাতা-২

১। **মহান বিজয় দিবসে মুক্তিযুদ্ধবিরোধী শক্তিকে বর্জনের অঙ্গীকার, বিনম্র শ্রদ্ধায় মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণ জাতীয় স্মৃতিসৌধে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পুষ্পার্ঘ্য অর্পণ**

রাজনীতি থেকে মুক্তিযুদ্ধবিরোধী সাম্প্রদায়িক শক্তিকে বর্জন এবং ক্ষুধা-দারিদ্র্য-সন্ত্রাস-মাদক-দুর্নীতি-জঙ্গিবাদমুক্ত অসাম্প্রদায়িক সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রত্যয়ের মধ্য দিয়ে গতকাল (১৬ ডিসেম্বর রোববার) গৌরবের বিজয় দিবস উদ্‌যাপন করল বাঙালি জাতি। এ সময় বিনম্র শ্রদ্ধা ও ভালোবাসায় মহান মুক্তিযুদ্ধের বীর শহিদদের স্মরণ করা হয়। শ্রদ্ধাবনত জাতি ফুলে ফুলে ভরে দেয় সাভারের জাতীয় স্মৃতিসৌধ। সেখানে সর্বস্তরের লাখো মানুষের ঢল নামে। বিজয় দিবসের সূচনা হয় ভোরে জাতীয় প্যারেড স্কয়ারে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে। সকাল ৬টা ৩২ মিনিটে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাভারের জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। কিছু সময় নীরবে দাঁড়িয়ে একাত্তরের শহিদদের স্মরণ করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী। পরে আওয়ামী লীগের সভানেত্রী হিসাবে দলের নেতৃবৃন্দকে সঙ্গে নিয়ে আবারো স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **৪৮তম বিজয় দিবসে বঙ্গভবনে রাষ্ট্রপতির সংবর্ধনা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও তাঁর সহধর্মিণী রাশিদা খানম গতকাল (১৬ ডিসেম্বর রোবববার) দেশের ৪৮তম বিজয় দিবস উপলক্ষে বঙ্গভবনে এক সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্রপতির বাসভবনের সবুজ লনে আয়োজিত সংবর্ধনা অনুষ্ঠানে যোগদান করেন। বেলা ৩টা থেকে বিকেলে সাড়ে ৪টা পর্যন্ত বঙ্গভবনের সবুজ লনে এ সংবর্ধনা অনুষ্ঠানে কয়েক হাজার অতিথি উপস্থিত ছিলেন। জাতীয় সংগীত পরিবেশনের পরে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও তাঁর সহধর্মিণী রাশিদা খানম এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা অতিথিদের সঙ্গে কুশল বিনিময় করেন। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা আহত মুক্তিযোদ্ধা ও অন্যান্য অতিথিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তাঁরা আহত মুক্তিযোদ্ধাদের ব্যাপারেও খোঁজখবর নেন এবং তাদের কল্যাণে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.২), **সমকাল** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

৩। **মহান বিজয় দিবসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রী ও দলের নেতাকর্মীদের শ্রদ্ধা টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে আওয়ামী লীগের শ্রদ্ধা নিবেদন**

মহান বিজয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি গতকাল (১৬ ডিসেম্বর রোববার) সকাল পৌনে ৮টায় ধানমন্ডিতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান। পরে তিনি সভাপতি হিসেবে দলের নেতাকর্মীদের নিয়ে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় মহান মুক্তিযুদ্ধের শহিদদের স্মরণে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন তাঁরা।

মহান বিজয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে কেন্দ্রীয় আওয়ামী লীগের পক্ষ থেকে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে। গতকাল (১৬ ডিসেম্বর রোববার) সকালে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া পৌঁছে দলের নেতারা বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানান। পবিত্র ফাতেহা পাঠ ও বঙ্গবন্ধুর রুহের মাগফিরাত কামনায় দোয়া-মোনাজাত করেন তাঁরা। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

৪। **বিজয় দিবস উপলক্ষে মুক্তিযোদ্ধাদের প্রধানমন্ত্রীর শুভেচ্ছা উপহার প্রেরণ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১৬ ডিসেম্বর রোববার) ৪৮তম বিজয় দিবস উপলক্ষে সকল মুক্তিযোদ্ধাদের শুভেচ্ছা জানিয়েছেন। অন্যান্য বছরগুলোর মত প্রধানমন্ত্রী ফুল, ফলমূল এবং মিষ্টান্ন রাজধানীর মোহাম্মদপুরস্থ গজনবী রোডে যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পুনর্বাসনকেন্দ্রে তাঁর শুভেচ্ছার নিদর্শন হিসেবে প্রেরণ করেন। প্রধানমন্ত্রীর প্রটোকল অফিসার এস এম খুরশীদ-উল-আলমের নেতৃত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ের (পিএমও) কর্মকর্তাবৃন্দ যুদ্ধাহত মুক্তিযেদ্ধাদের কাছে এগুলো পৌছে দেন। মুক্তিযোদ্ধারা এ সময় প্রতিটি রাষ্ট্রীয় দিবস এবং উৎসবে যেমন-স্বাধীনতা দিবস, বিজয় দিবস, পবিত্র ঈদ এবং পহেলা বৈশাখে বাংলা নববর্ষের দিনে তাঁদের স্মরণ করায় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

৫। **বিজয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকেট অবমুক্ত করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ৪৮তম বিজয় দিবস উপলক্ষে স্মারক ডাকটিকেট, উদ্বোধনী খাম এবং ডাটা কার্ড অবমুক্ত করেন। প্রধানমন্ত্রী গতকাল (১৬ ডিসেম্বর রোববার) তাঁর সরকারি বাসবভন গণভবনে দশ টাকা মূল্যমানের স্মারক ডাকটিকেট ও উদ্বোধনী খাম এবং পাঁচ টাকা মূল্যমানের ডাটা কার্ড অবমুক্ত করেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)।

৬। **সব দলের অংশগ্রহণে সুষ্ঠু নির্বাচন হবে : সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা বলেছেন, সব দলের অংশগ্রহণে দেশে সুষ্ঠু নির্বাচন হবে। গতকাল (১৬ ডিসেম্বর রোববার) মহান বিজয় দিবস উপলক্ষে সাভারে জাতীয় স্মৃতিসৌধে ফুল দিয়ে বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সিইসি বলেন, দেশে আগামী ৩০ ডিসেম্বর অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠিত হবে এটাই সকলের প্রত্যাশা। কোথাও কোথাও একটু সমস্যা হচ্ছে। এত বড় একটা নির্বাচনে কিছু বিচ্ছিন্ন ঘটনা ঘটছে। তবে সবকিছু আমাদের নিয়ন্ত্রণে রয়েছে। আমরা অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলতে পারি, সবাই নির্বাচনি আচরণবিধি মেনে চললে নির্বাচন অত্যন্ত সুষ্ঠু হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

৭। **আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ভারতের নির্বাচন কমিশন পর্যবেক্ষক পাঠাবে**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে পর্যবেক্ষক পাঠাবে ভারতের নির্বাচন কমিশন। দেশটির প্রধান নির্বাচন কমিশনার সুনীল অরোরার সঙ্গে ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার সৈয়দ মুয়াজ্জেম আলীর সঙ্গে গত ১২ ডিসেম্বর বুধবার বৈঠক হয়। এরপরই পর্যবেক্ষক পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে ভারতের নির্বাচন কমিশন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৮। **আজ ঐক্যফ্রন্ট, আওয়ামী লীগ ও বিএনপি'র ইশতেহার কাল**
**সিইসি'র সঙ্গে ঐক্যফ্রন্টের বৈঠক আজ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে আজ (১৭ ডিসেম্বর সোমবার) জাতীয় ঐক্যফ্রন্ট এবং আগামীকাল মঙ্গলবার আওয়ামী লীগ ও বিএনপি'র ইশতেহার প্রকাশ করা হবে। রাজধানীতে সংবাদসম্মেলনে ইশতেহার প্রকাশ করবে নির্বাচনের মাঠের জোট ও দলগুলো।

এদিকে একাদশ জাতীয় নির্বাচনের সার্বিক পরিস্থিতি নিয়ে আজ (১৭ ডিসেম্বর সোমবার) প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সঙ্গে বৈঠকে বসছে জাতীয় ঐক্যফ্রন্ট। ড. কামাল হোসেনের নেতৃত্বে ১০ সদস্যের একটি প্রতিনিধিদল এ বৈঠকে অংশ নিবে। দুপুর ২টায় আগারগাঁও নির্বাচন ভবনে এ বৈঠক অনুষ্ঠিত হবে। বৈঠকে প্রধান নির্বাচন কমিশনার ছাড়াও পুরো কমিশন উপস্থিত থাকবে বলে ইসি সূত্রে জানা গেছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

৯। **শহিদ ১২ ভারতীয় সেনা পরিবারকে সম্মাননা দিল বাংলাদেশ**

একাত্তরের স্বাধীনতাযুদ্ধে ভারতীয় সশস্ত্র বাহিনীর শহিদ ১২ বীরসেনার পরিবারকে মুক্তিযুদ্ধ সম্মাননা দিয়েছে বাংলাদেশ সরকার। বাংলাদেশের ৪৮তম মহান বিজয় দিবস উপলক্ষে গতকাল (১৬ ডিসেম্বর রোববার) কলকাতায় ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় সদরদফতর ফোর্ট উইলিয়ামে এক অনুষ্ঠানে এ সম্মাননা দেওয়া হয়। ১২ ভারতীয় সেনার পরিবারের সদস্যদের হাতে এ সম্মাননা তুলে দেন বাংলাদেশের মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে সম্মাননা হিসেবে দেওয়া হয় ক্রেস্ট, সনদপত্র, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাণী এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা দু'টি বই (কারাগারের রোজনামচা ও অসমাপ্ত আত্মজীবনী)। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক,৩), **সমকাল** (পৃ.৪,ক.৬)।

১০। **মানুষ ভোট দিয়ে মুক্তিযুদ্ধের পক্ষশক্তিকে ফের বিজয়ী করবে : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে বিজয়ী করতে সারাদেশে 'বিজয়মঞ্চ' করেছে আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দল। এ বিজয়মঞ্চ থেকে নানা কর্মসূচির মাধ্যমে আওয়ামী লীগ ও ১৪ দলের প্রার্থীদের নৌকা মার্কায় ভোট দিয়ে জয়যুক্ত করার আহ্বান জানানো হবে। গতকাল (১৬ ডিসেম্বর রোববার) মহান বিজয় দিবসে জাতীয় জাদুঘরের সামনে এ বিজয়মঞ্চের উদ্বোধন করে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ও ১৪ দলের মুখপাত্র স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেন, বিজয়ের মাস ডিসেম্বর। বিজয়ের মাসে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি আওয়ামী লীগ ও ১৪ দল পরাজিত হতে পারে না। আগামী ৩০ ডিসেম্বর নির্বাচনে

এদেশের মানুষ নৌকায় ভোট দিয়ে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে আবারও বিজয়ী করবে। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নৌপরিবহণমন্ত্রী শাজাহান খান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক,৬)।

**১১। ভোট বানচালের চেষ্টা করলে তা প্রতিরোধ করা হবে : সেতুমন্ত্রী**

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জনগণ আওয়ামী লীগকে ভোট না দিলেও জোর করে ভোট ছিনতাই করব না। জোর করে ভোট নেওয়া যায় না। ৬ মাসের মধ্যে নির্বাচনি এলাকার প্রত্যন্ত অঞ্চলে গ্যাস আসার কথা উল্লেখ করে তিনি বলেন, উন্নয়ন চাইলে নৌকায় ভোট দিন। বিজয়ী হলে কারও ওপর প্রতিশোধ না নেওয়ার ঘোষণা দিয়ে তিনি বলেন, তবে নির্বাচন বানচালের ষড়যন্ত্র চলছে। এবার ভোট বানচালের চেষ্টা করলে তা প্রতিরোধ করা হবে। বিজয় দিবসে গতকাল (১৬ ডিসেম্বর রোববার) নোয়াখালীর বসুরহাট এএইচসি সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে উপজেলা প্রশাসনে মুক্তিযোদ্ধা সংবর্ধনায় প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

**১২। ভোটের আগে ঢাকাসহ ৫ স্থানে জনসভা করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে পাঁচটি নির্বাচনি জনসভা করবেন আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সশরীরে উপস্থিত না থাকলেও তিন দিনে আরও দশ জেলায় নির্বাচনি জনসভায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী। দলের দফতর সম্পাদক ড. আবদুস সোবহান গোলাপ স্বাক্ষরিত দলের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। ২১ ডিসেম্বর দুপুর দুইটায় ঢাকার গুলশানে এবং ২৪ ডিসেম্বর বেলা এগারোটায় কামরাঙ্গীরচর মাঠে সমাবেশে ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া ঢাকার বাইরে তিনটি জনসভায় বক্তব্য রাখবেন তিনি। ২২ ডিসেম্বর সিলেটের তিনটি মাজার জিয়ারত করে দুপুর ২টায় সিলেটে আলিয়া মাদ্রাসা মাঠে নির্বাচনি জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী। ২৩ ডিসেম্বর প্রধানমন্ত্রী রংপুর যাবেন। রংপুর-২ (তারাগঞ্জ-বদরগঞ্জ) আসনের একটি জনসভায় অংশ নিয়ে যাবেন শ্বশুরবাড়ি এলাকা পীরগঞ্জে। সেখানে দুপুর ২টায় পীরগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে নির্বাচনি জনসভায় তাঁর বক্তৃতা করার কথা রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক,১), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**১৩। মালয়েশিয়া হাইকমিশনের বিজয় দিবস উদ্‌যাপন**

মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশনের উদ্যোগে মহান বিজয় দিবস উদ্‌যাপন করা হয়েছে। কুয়ালালামপুরে গতকাল (১৬ ডিসেম্বর রোববার) সকালে বাংলাদেশ হাইকমিশনে জাতীয় সংগীতের সুরে পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন হাইকমিশনার মহ. শহীদুল ইসলাম। শহিদদের আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়। পরে শুরু হয় আলোচনাসভা। আলোচনাসভায় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ইনকিলাব** (পৃ.৪,ক.২)।

**১৪। যুদ্ধাপরাধী ও তাদের দোসরদের ভোট দেবেন না :**
**প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়**

যুদ্ধাপরাধী ও তাদের দোসরদের ভোট না দেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। গতকাল (১৬ ডিসেম্বর রোববার) মহান বিজয় দিবসের সকালে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে পোস্ট দিয়ে তিনি এ আহ্বান জানান। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**১৫ । স্বাধীনতা ও বাঙালিত্বের চেতনাকে এগিয়ে নিতে বেতারের ভূমিকা অব্যাহত থাকবে : তথ্য সচিব**

তথ্য সচিব আবদুল মালেক বলেছেন, বাঙালিত্ব ও মুক্তিযুদ্ধের অসাম্প্রদায়িক চেতনায় সুখী, সমৃদ্ধ বাংলাদেশ গড়তে বেতারের ভূমিকা অব্যাহত থাকবে। মহান বিজয় দিবসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধায় স্মরণ করে তথ্যসচিব বলেন, বাঙালি জাতির স্রষ্টা, বাংলাদেশের রাষ্ট্রপতি চরম আত্মত্যাগের মাধ্যমে আমাদের হাতে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ দিয়ে গেছেন। বাঙালি সংস্কৃতি ও স্বাধীনতার চেতনা চর্চার মাধ্যমে এদেশকে সুখী-সমৃদ্ধ, শোষণমুক্ত ও স্বচ্ছ রাখার দায়িত্ব আমাদেরই। তিনি গতকাল (১৬ ডিসেম্বর রোববার) রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ বেতারের ৮০তম প্রতিষ্ঠাদিবস উপলক্ষে আয়োজিত 'মহান মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ বেতার' শীর্ষক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন। সূত্র-**বাসস**।

**১৬। বঙ্গোপসাগরে ঘূর্ণিঝড় পিথাই : সমুদ্রবন্দরসমূহে ২ নম্বর হুঁশিয়ারি সংকেত**

বঙ্গোপসাগরে অবস্থান করছে ঘূর্ণিঝড় 'পিথাই'। এর প্রভাবে রাজধানীসহ দেশের কিছু কিছু জায়গায় গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হতে পারে। ঘূর্ণিঝড়কেন্দ্রের নিকট সাগর উত্তাল থাকায় চার সমুদ্রবন্দরসমূহকে দুই নম্বর হুঁশিয়ারি সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অফিস। এদিকে আজ (১৭ ডিসেম্বর সোমবার) ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর ও ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় হালকা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হতে পারে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩) **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশ ক্রিকেটদল ওয়েস্ট ইন্ডিজকে হারিয়ে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ জেতায় অভিনন্দন জানিয়ে এ জয়ের ধারা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল :** বাংলাদেশে এখন ব্যাংকে আমানতের ১০ লাখ কোটি টাকার মধ্যে খেলাপি ঋণের পরিমাণ এক লাখ কোটি টাকা ছাড়িয়ে গেছে বাংলাদেশ ব্যাংকের এ হিসাবে উদ্বেগ প্রকাশ করে ঋণ খেলাপিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে ছয় কেজি ওজনের ৫২টি সোনার বার উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ উল্লেখ করে দেশ থেকে চোরাচালান বন্ধে সর্বাত্মক ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** মুক্তিযুদ্ধ চলাকালে বিশেষ ঘটনার স্থানগুলো চিহ্নিত করে সংরক্ষণের জন্য আদালত থেকে নির্দেশনা দেওয়া হলেও ৮ বছরেও তা বাস্তবায়ন হয়নি উল্লেখ করে এ ব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** রাজধানীতে মশার উপদ্রব বেড়ে গেছে উল্লেখ করে মশক নিধনে দুই সিটি করপোরেশনকে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের প্রধান শর্ত উন্নত পরিবেশ।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'স্বাধীনতা ও বিজয়ের ইতিহাস'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, দুর্নীতি, আর্থসামাজিক বৈষম্যের অবসানসহ রাজনীতি ও প্রশাসনে স্থিতিশীলতা আনার জন্য সরকারকে পরিকল্পিত ও আন্তরিক উদ্যোগ নিতে হবে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা